# উপজেলা পরিষদ

সুনামগঞ্জ সদর সুনামগঞ্জ।
ওয়েব : sadar.sunamganj.gov.bd

‘শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি’

## উপজেলা পরিষদের মাসিক সভার কার্যবিবরণী

সভার তারিখ : ১৯ মে ২০২২ খ্রি.।
সময় : সকাল ১১:০০ ঘটিকা।
স্থান : উপজেলা পরিষদ মিলনায়তন, সুনামগঞ্জ সদর, সুনামগঞ্জ।
সভাপতি : জনাব মোঃ খায়রুল হুদা
চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সুনামগঞ্জ সদর, সুনামগঞ্জ।

উপস্থিত সদস্যবৃন্দ (পরিশিষ্ট-‘ক’)

সভার শুরুতে সভাপতি উপস্থিত সম্মানিত সদস্যগণকে স্বাগত জানান। সভায় বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হয়। কার্যবিবরণীতে সংশোধনী বা সংযোজনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। অতঃপর বিস্তারিত আলোচনান্তে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্র: নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ১. | উপজেলা স্বাস্থ্য ও প:প: কর্মকর্তা, সুনামগঞ্জ সদর সভায় জানান যারা গণটিকা নিয়েছেন তাদের টিকা সনদের প্রয়োজন হলে তাদেরকে পুনরায় নিবন্ধন করতে হবে। নিবন্ধনের পর উপজেলা স্বাস্থ্য অফিস থেকে অনলাইনে প্রত্যয়ন দেয়া হবে। তিনি আরও জানান স্থানীয় সরকার প্রতিনিধি ও সিএইচসিপিদের নিয়ে আগামী ২৫-০৫-২০২২ তারিখ থেকে কমিউনিটি ক্লিনিক পরিচালনার বিষয়ে প্রশিক্ষণ দেয়া হবে। তিনি প্রশিক্ষণের একটি সিডিউল সভায় উপস্থাপন করেন। | আলোচনান্তে গণ টিকা সনদ যাদের প্রয়োজন তাদেরকে পুনরায় নিবন্ধন করার অনুরোধ জানানোর এবং যারা এখন পর্যন্ত টিকা গ্রহণ করেননি তাদেরকে দ্রুত টিকা গ্রহণ করতে উৎসাহিত করা ও সবাইকে সরকার ঘোষিত স্বাস্থ্যবিধি মেনে চলার অনুরোধ জানানোর সর্বসম্মতভাবে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা স্বাস্থ্য ও প:প: কর্মকর্তা, সুনামগঞ্জ সদর ও চেয়ারম্যান (সকল) ইউ/পি, সুনামগঞ্জ সদর। |
| ২. | উপজেলা প্রকৌশলী, এলজিইডি, সুনামগঞ্জ সদর, সভায় জানান ২০২১-২০২২ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচী(ADP) এর টেন্ডারের মাধ্যমে বাস্তবায়িত চলমান ১১টি প্রকল্পের কাজ আগাম বন্যার কারণে বন্ধ রয়েছে। বন্যার পানি কমে গেলে কাজ দ্রুত বাস্তবায়ন করা হবে। তাছাড়া এডিপির একটি প্রকল্প পূর্ব মদনপুর মসজিদের সামনে ঘাট নির্মাণ এর পরিবর্তে কাইয়ারগাঁও হজরত আলীর বাড়ির সামনে একটি কালভার্ট নির্মাণ প্রকল্পটি অনুমোদনের জন্য সভাকে অনুরোধ জানান। তিনি আরও জানান উপজেলা পরিষদের পেছনের মুজিব-১০০ পার্ক বন্যায় ক্ষতিগ্রস্ত হওয়ায় পার্কটি দ্রুত মেরামত করার জন্য ২,০০,০০০/-(দুই লক্ষ) টাকার | আলোচনান্তে বার্ষিক উন্নয়ন কর্মসূচী(ADP) এর চলমান কাজ দ্রুত বাস্তবায়ন করা করার, পূর্ব মদনপুর মসজিদের সামনে ঘাট নির্মাণ এর পরিবর্তে কাইয়ারগাঁও হজরত আলীর বাড়ির সামনে একটি কালভার্ট নির্মাণ প্রকল্পটি অনুমোদন এবং মুজিব-১০০ পার্ক মেরামতের প্রাক্কলন অনুমোদন ও উক্ত বিল উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের অপ্রত্যাশিত খাত | উপজেলা প্রকৌশলী, এলজিইডি, সুনামগঞ্জ সদর। |

| | | | |
|---|---|---|---|
| | প্রাক্কলন দাখিল করেন। এছাড়া উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (UGDP) এর আওতায় ৪র্থ পর্যায়ে উপজেলার বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে বেঞ্চ সরবরাহ প্রকল্পটি পুনরায় টেন্ডার করা হয়েছে। দ্রুত ঠিকাদার নির্বাচনের মাধ্যমে কাজ বাস্তবায়ন করা হবে। | থেকে পরিশোধের সর্বসম্মতভাবে সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| ৩. | সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), সুনামগঞ্জ সদর সভায় জানান যে, সুনামগঞ্জ সদর উপজেলায় গভীর নলকূপ স্থাপনের কার্যক্রম চলমান রয়েছে। তিনি আরও জানান নতুন অর্থ বছরের আওতায় ১৯৭টি গভীর নলকূপ এর মধ্যে ১৮০টি নলকূপ স্থাপন সমাপ্ত হয়েছে এবং ১৩২টি নলকূপের পাটাতন পাকাকরণের কাজ সম্পন্ন হয়েছে। | আলোচনান্তে অবশিষ্ট গভীর নলকূপ স্থাপন ও পাটাতন পাকাকরণ কাজ দ্রুত বাস্তবায়ন করার জন্য সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), সুনামগঞ্জ সদরকে অনুরোধ জানানোর সর্বসম্মতভাবে সিদ্ধান্ত গৃহীত হয়। | সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), সুনামগঞ্জ সদর। |
| ৪. | উপজেলা কৃষি অফিসার, সুনামগঞ্জ সদর সভায় জানান এ বছর বোরো ধান কর্তন ভালোভাবে সম্পন্ন হয়েছে এবং সামনে আমন ধানের মৌসুম শুরু হবে। বিএডিসি সেচ ও অন্যান্য বিভাগের সাথে সমন্বয় করে কাজ শুরু করা হবে। বন্যায় নতুন ক্ষতিগ্রস্ত কৃষকদের তালিকা দ্রুত তৈরী করে জমা প্রদানের জন্য তিনি সকল ইউ/পি চেয়ারম্যানগণকে অনুরোধ জানান।<br>চেয়ারম্যান, রঙ্গাঁরচর ইউ/পি সভায় জানান বিরামপুর কালনার হাওরের সুইচ গেইট রক্ষণাবেক্ষণ সংক্রান্ত একটি কমিটি রয়েছে। কমিটিটি অনেক পুরাতন হওয়ায় রক্ষণাবেক্ষণে অনেক ত্রুটি রয়েছে। তাই জরুরী ভিত্তিতে সুইচ গেইট রক্ষণাবেক্ষণ কমিটি পরিবর্তন করার প্রয়োজন এবং বিষয়টি পানি উন্নয়ন বোর্ডকে অবহিত করার জন্য সভাকে অনুরোধ জানান। | আলোচনান্তে বন্যায় নতুন ক্ষতিগ্রস্ত কৃষকদের তালিকা দ্রুত তৈরী করে জমা প্রদানের জন্য সকল ইউ/পি চেয়ারম্যানগণকে এবং বিরামপুর কালনার হাওরের সুইচ গেইট রক্ষণাবেক্ষণ কমিটি পরিবর্তন করার জন্য পানি উন্নয়ন বোর্ডকে অবহিত করার সর্বসম্মতভাবে সিদ্ধান্ত গৃহীত হয়। | ১।উপজেলা নির্বাহী অফিসার, সুনামগঞ্জ সদর<br>২। উপসহকারী প্রকৌশলী<br>পানি উন্নয়ন বোর্ড<br>সুনামগঞ্জ সদর<br>৩। চেয়ারম্যান (সকল) ইউ/পি, সুনামগঞ্জ সদর। |
| ৫. | উপজেলা নির্বাহী অফিসার, সুনামগঞ্জ সদর সভায় জানান যে, ২০২২-২০২৩ অর্থ বছরের খসড়া বার্ষিক বাজেট প্রস্তুত করা হয়েছে। তিনি উক্ত খসড়া বাজেট সভায় উপস্থাপন করেন। তিনি আরও জানান আগামী ৩০ মে ২০২২ তারিখ ২০২২-২০২৩ অর্থ বছরের চূড়ান্ত বাজেট প্রকাশ করা হবে। তাই খসড়া বাজেটে কোন ধরনের ভুল ত্রুটি থাকলে তা সংশোধন করার জন্য সভাকে অনুরোধ জানান। | আলোচনান্তে আগামী ৩০ মে ২০২২ তারিখ ২০২২-২০২৩ অর্থ বছরের চূড়ান্ত বাজেট সভায় সবাইকে উপস্থিত থাকার অনুরোধ জানানোর সর্বসম্মতভাবে সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। উপজেলা নির্বাহী অফিসার, সুনামগঞ্জ সদর। |
| ৬. | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, সুনামগঞ্জ সদর সভায় সদর উপজেলায় বায়োগ্যাস প্লান্ট স্থাপনের জন্য ১৩৩ জনের নামের তালিকা প্রেরণ করার জন্য সভাকে অবহিত করেন।<br>চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সুনামগঞ্জ সদর সভায় সকল ইউ/পি চেয়ারম্যানগণকে নামের তালিকা দ্রুত প্রেরণ করার জন্য অনুরোধ জানান। | আলোচনান্তে বায়োগ্যাস প্লান্ট স্থাপনের জন্য ১৩৩ জনের নামের তালিকা দ্রুত প্রেরণ করার জন্য সকল ইউ/পি চেয়ারম্যানগণকে অনুরোধ জানানোর সর্বসম্মতভাবে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা<br>সুনামগঞ্জ সদর<br>ও<br>চেয়ারম্যান (সকল) ইউ/পি, সুনামগঞ্জ সদর। |
| ৭. | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, সুনামগঞ্জ সদর সভায় জানান সুনামগঞ্জ সদর উপজেলার রঙ্গাঁরচর ইউনিয়নে ১০ শয্যা বিশিষ্ট মা ও শিশু কল্যাণ কেন্দ্র নির্মাণের জন্য ০.৫০ একর জমি এবং মোহনপুর ইউনিয়নে ১০ শয্যা বিশিষ্ট মা ও শিশু কল্যাণ কেন্দ্র নির্মাণের জন্য ০.৫০ একর জমি এখনও পাওয়া যায়নি। | আলোচনান্তে রঙ্গাঁরচর ও মোহনপুর ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানকে মা ও শিশু কল্যাণ কেন্দ্র নির্মাণের জন্য দ্রুত স্থান নির্বাচন পূর্বক দলিল সম্পাদন করে দাখিল করার | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, সুনামগঞ্জ সদর<br>ও<br>চেয়ারম্যান<br>রঙ্গাঁরচর/মোহনপুর |

| | | | |
|---|---|---|---|
| | তিনি দ্রুত স্থান নির্বাচন করার জন্য সভাকে অনুরোধ জানান। | সর্বসম্মতভাবে সিদ্ধান্ত গৃহীত হয়। | ইউ/পি সুনামগঞ্জ সদর। |
| ৮. | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, সুনামগঞ্জ সদর সভায় জানান ঈদ উল আযহা উপলক্ষ্যে সকল ইউনিয়নে ভিজিএফ চাল দেয়া হয়েছিল। কিন্তু চাল বিতরণের মাষ্টাররোল অদ্যাবধি পাওয়া যায়নি। তিনি আরও জানান টিআর প্রকল্পের ২য় পর্যায়ের অনুমোদন পাওয়া যায়নি এবং ১ম পর্যায়ের টিআর এর বিল ছাড় করা হচ্ছে।<br>চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সুনামগঞ্জ সদর সভায় জানান আকস্মিক বন্যায় সুনামগঞ্জ সদর উপজেলার বিভিন্ন ইউনিয়নের অনেক গ্রাম ক্ষতিগ্রস্ত হয়েছে। তিনি ক্ষতিগ্রস্ত ৫০০ টি পরিবারের মধ্যে শুকনো খাবার ও ১০ কেজি করে চাল বিতরণ করার জন্য সভাকে অনুরোধ জানান। | আলোচনান্তে ১০ কেজি করে ভিজিএফ চাল বিতরণের মাষ্টাররোল দ্রুত দাখিল করার জন্য, ২য় পর্যায়ের টিআর এর অনুমোদন পাওয়া গেলে তা দ্রুত বাস্তবায়ন এবং আকস্মিক বন্যায় ক্ষতিগ্রস্তদের মধ্যে শুকনো খাবার বিতরণের জন্য উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের অপ্রত্যাশিত খাত থেকে ১,০০,০০০/-(এক লক্ষ) টাকা ও ৫ টন জিআর চাল উত্তোলন পূর্বক ক্ষতিগ্রস্তদের মধ্যে ১০ কেজি করে চাল বিতরণের সর্বসম্মতভাবে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, সুনামগঞ্জ সদর<br>ও<br>চেয়ারম্যান (সকল) ইউ/পি সুনামগঞ্জ সদর। |
| ৯. | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, সুনামগঞ্জ সদর সভায় জানান জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান জাতীয় গোল্ডকাপ ফুটবল টুর্নামেন্ট বালক (অনুর্ধ্ব-১৭) উপজেলা পর্যায়ে প্রতিযোগিতা আগামী ২১-০৫-২০২২ তারিখ হতে ২৩-০৫-২০২২ তারিখ পর্যন্ত সুনামগঞ্জ জেলা স্টেডিয়ামে অনুষ্ঠিত হবে। উক্ত প্রতিযোগিতায় উপজেলার সকল ইউনিয়ন হতে দলগঠনপূর্বক খেলোয়াড়বৃন্দ অংশগ্রহণ করবেন। উক্ত প্রতিযোগিতার প্রথম দিন ২১-০৫-২০২২ তারিখ খেলাধুলা শুভ উদ্বোধন করবেন জনাব মোঃ খায়রুল হুদা, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সুনামগঞ্জ সদর। তিনি উক্ত অনুষ্ঠানে সকলের অংশগ্রহণ ও সার্বিক সহযোগিতা প্রদানের জন্য অনুরোধ জানান। | আলোচনান্তে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান জাতীয় গোল্ডকাপ ফুটবল টুর্নামেন্ট বালক (অনুর্ধ্ব-১৭) উপজেলা পর্যায়ে প্রতিযোগিতায় সকল ইউনিয়ন হতে দলগঠনপূর্বক খেলোয়াড়বৃন্দ অংশগ্রহণ নিশ্চিত করনের জন্য সকল ইউ/পি চেয়ারম্যানগণকে অনুরোধ জানানোর সর্বসম্মতভাবে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, সুনামগঞ্জ সদর, সুনামগঞ্জ<br>ও<br>চেয়ারম্যান (সকল) ইউ/পি সুনামগঞ্জ সদর। |
| ১০. | উপজেলা শিক্ষা অফিসার, সুনামগঞ্জ সদর সভায় জানান আকস্মিক বন্যায় সুনামগঞ্জ সদর উপজেলার বেশ কিছু শিক্ষা প্রতিষ্ঠানের মাঠে এবং শ্রেণি কক্ষে পানি প্রবেশ করেছে। যে সকল বিদ্যালয়ে পানি প্রবেশ করেছে সে সকল বিদ্যালয়ে পাঠদান আপাতত স্থগিত করা হয়েছে। বন্যার পানি নামার সাথে সাথে পাঠদান পুনরায় শুরু করা হবে। তাছাড়া যেসব বিদ্যালয়ে শরণার্থীরা আশ্রয় নিতে চান সে সকল বিদ্যালয়ের প্রধান শিক্ষক ও বিদ্যালয় কমিটির সভাপতির অনুমতি নিয়ে আশ্রয় নিতে পারবেন। এ ব্যাপারে নির্দেশনা প্রদান করা হয়েছে। এছাড়া বঙ্গবন্ধু গোল্ডকাপ ও বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিব গোল্ডকাপ প্রাথমিক বিদ্যালয় ফুটবল টুর্নামেন্ট-২০২২ এর সময় সূচী নির্ধারণ করা হয়েছে। উপজেলা পর্যায়ে সে অনুযায়ী টুর্নামেন্ট আয়োজনের প্রস্তুতি চলছে। | আলোচনান্তে বন্যার পানি নামার সাথে সাথে পাঠদান শুরু করার পূর্বে শিক্ষা প্রতিষ্ঠানের প্রতিটি কক্ষ ভালোভাবে পরিষ্কার পরিচ্ছন্ন রাখার ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা শিক্ষা অফিসার, সুনামগঞ্জ সদরকে অনুরোধ জানানো এবং বঙ্গবন্ধু গোল্ডকাপ ও বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিব গোল্ডকাপ প্রাথমিক বিদ্যালয় ফুটবল টুর্নামেন্ট-২০২২ যথাসময়ে আয়োজনের প্রস্তুতি গ্রহণের জন্য সর্বসম্মতভাবে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা শিক্ষা অফিসার, সুনামগঞ্জ সদর। |
| ১১. | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, সুনামগঞ্জ সদর সভায় জানান বর্তমানে বোরো ধান সংগ্রহ কার্যক্রম চলছে। যারা ধান | আলোচনান্তে যে সকল কৃষক ধান বিক্রয় করতে আগ্রহী তাদেরকে | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, সুনামগঞ্জ |

| | | | |
|---|---|---|---|
| | বিক্রয় করতে আগ্রহী তাদেরকে অনলাইনে কৃষক অ্যাপস এর মাধ্যমে নিবন্ধন এবং ধান বিক্রয়ের আবেদন করতে হবে। লটারীতে বিজয়ী কৃষকগণ খাদ্য গুদামে ধান বিক্রয় করতে পারবেন। | অনলাইনে কৃষক অ্যাপস এর মাধ্যমে নিবন্ধন এবং ধান বিক্রয়ের আবেদন সম্পন্ন করার বিষয়টি প্রচারের জন্য সকল ইউ/পি চেয়ারম্যানগণকে অনুরোধ জানানোর সর্বসম্মতভাবে সিদ্ধান্ত গৃহীত হয়। | সদর ও চেয়ারম্যান (সকল) ইউ/পি সুনামগঞ্জ সদর। |
| ১২. | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা, সুনামগঞ্জ সদর সভায় জানান বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস) কর্তৃক জনশুমারী ও গৃহগণনা ২০২২ কার্যক্রম আগামী ১৫ জুন থেকে ২২ জুন ২০২২ পর্যন্ত চলবে। উক্ত তথ্যসংগ্রহকালীন সময়ে তথ্যসংগ্রহকারী ও সুপারভাইজারদেরকে সার্বিক সহযোগিতা প্রদানের জন্য তিনি সভাকে অনুরোধ জানান। জনশুমারী কার্যক্রম থেকে কোন লোক যাতে গণনা হতে বাদ না পড়ে অথবা একই ব্যক্তি যাতে ০২(দুই) বার গণনায় অন্তর্ভুক্ত না হয় সেজন্য মনিটরিং এর ব্যবস্থা জোরদারসহ সকলকে সজাগ দৃষ্টি রাখার জন্য অনুরোধ জানান। নিজ নিজ ইউনিয়নে প্রচার প্রচারণা চালিয়ে সকল জগণকে জনশুমারী ও গৃহগণনার বিষয়ে অবগত করার জন্য সকল ইউ/পি চেয়ারম্যাণকে অনুরোধ জানান। | আলোচনান্তে জনশুমারী ও গৃহগণনা ২০২২ কার্যক্রম বাস্তবায়নে সকলের সার্বিক সহযোগিতা প্রদান এবং নিজ নিজ ইউনিয়নে প্রচার প্রচারণা চালিয়ে জনগণকে জনশুমারী ও গৃহগণনার বিষয়ে অবগত করার জন্য সকল ইউ/পি চেয়ারম্যাণকে অনুরোধ জানানোর সর্বসম্মতভাবে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা, সুনামগঞ্জ সদর ও চেয়ারম্যান (সকল) ইউ/পি সুনামগঞ্জ সদর। |
| ১৩. | উপজেলা নির্বাচন অফিসার, সুনামগঞ্জ সদর সভায় জানান ভোটার তালিকা হালনাগাদ কার্যক্রম-২০২২ উপলক্ষে সুনামগঞ্জ জেলার সদর উপজেলায় তথ্য সংগ্রহের তারিখ ২০ মে ২০২২ তারিখ থেকে ০৯ জুন ২০২২ তারিখ পর্যন্ত এবং নিবন্ধন কার্যক্রম ১০ জুন ২০২২ তারিখ হতে ০৫ জুলাই ২০২২ তারিখ পর্যন্ত পৌরসভা ও ইউনিয়ন ভিত্তিক পর্যায়ক্রমে চলবে। | আলোচনান্তে ভোটার তালিকা হালনাগাদ কার্যক্রম বাস্তবায়নে সার্বিক সহযোগিতা প্রদানের জন্য সকল ইউ/পি চেয়ারম্যানগণকে অনুরোধ জানানোর সর্বসম্মতভাবে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাচন অফিসার, সুনামগঞ্জ সদর ও চেয়ারম্যান (সকল) ইউ/পি সুনামগঞ্জ সদর। |
| ১৪. | উপজেলা পল্লী উন্নয়ন কর্মর্তা, সুনামগঞ্জ সদর সভায় জানান ২টি সমবায় সমিতি ও ১টি উদ্যোক্তা সমিতিকে ৪,০০,০০০/-(চার লক্ষ) টাকা কোভিডকালীন প্রণোদনা প্রদান করা হয়েছে। তিনি আরও জানান বিআরডিবি-৩ প্রকল্পের ৩টি স্কীম গ্রহণ করা হয়েছে। | আলোচনান্তে বিআরডিবি-৩ প্রকল্পের স্কীমগুলো দ্রুত বাস্তবায়ন করার জন্য উপজেলা পল্লী উন্নয়ন কর্মর্তা, সুনামগঞ্জ সদরকে অনুরোধ জানানোর সর্বসম্মতভাবে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মর্তা, সুনামগঞ্জ সদর |
| ১৫. | উপজেলা সমবায় কর্মকর্তা, সুনামগঞ্জ সদর সভায় জানান ১৩৮টি সমিতির মধ্যে ১৩৮ টি সমিতির নিরীক্ষা কার্যক্রম সম্পন্ন হয়েছে এবং ৪২টি সমিতির মধ্যে ৩২টি সমিতির নির্বাচন সম্পন্ন হয়েছে। তিনি আরও জানান অবশিষ্ট সমিতিগুলোর নির্বাচন আগামী জুন-২০২২ মাসের মধ্যে সম্পন্ন করা হবে। | আলোচনান্তে অবশিষ্ট সমিতিগুলোর নির্বাচন দ্রুত সম্পন্ন করার জন্য উপজেলা সমবায় কর্মকর্তা, সুনামগঞ্জ সদরকে অনুরোধ জানানোর সর্বসম্মতভাবে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা সমবায় কর্মকর্তা, সুনামগঞ্জ সদর। |
| ১৬. | বিবিধ : উপজেলা নির্বাহী অফিসার, সুনামগঞ্জ সদর সভায় জানান এপ্রিল/২০২২ মাসে আপ্যায়ন বাবদ ২৯,৮৫০/-(উনত্রিশ হাজার আটশত পঞ্চাশ) টাকা, স্থায়ী কমিটির সভার আপ্যায়ন বাবদ ৭,৯৫০/-(সাত হাজার নয়শত পঞ্চাশ) টাকা, আনুষাঙ্গিক ব্যয় বাবদ ৪,৯০০/-(চার হাজার নয়শত) টাকা, পরিষদের ইন্টারনেট বাবদ ৩,০০০/-(তিন হাজার) টাকা ব্যয়ের বিল পাওয়ার | আলোচনান্তে বর্ণিত ব্যয়িত অর্থ উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে পরিশোধের সর্বসম্মতভাবে সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান উপজেলা পরিষদ সুনামগঞ্জ সদর ও উপজেলা নির্বাহী অফিসার, সুনামগঞ্জ সদর, সুনামগঞ্জ। |

| | | | |
|---|---|---|---|
| | আবেদন করেন। | | |

অতঃপর সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোঃ খায়রুল হুদা)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
সুনামগঞ্জ সদর, সুনামগঞ্জ।
ফোন : ০৮৭১-৬১৫৯১
ই-মেইল : chairmanuzpsadar@gmail.com

স্মারক নং: ০৫.৪৬.৯০৮৯.০০০.১১.০৬৪.১৯-১২৬৯(৫০)

তারিখ : ৩০ মে ২০২২ খ্রি.

অনুলিপি : সদয় অবগতি ও কার্যার্থে ।

১। মাননীয়, সংসদ সদস্য, সুনামগঞ্জ-৪ নির্বাচনী এলাকা, সুনামগঞ্জ।
২। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। কমিশনার, সিলেট বিভাগ, সিলেট।
৪। পরিচালক, স্থানীয় সরকার, সিলেট বিভাগ, সিলেট।
৫। জেলা প্রশাসক, সুনামগঞ্জ।
৬। উপ পরিচালক, স্থানীয় সরকার, সুনামগঞ্জ।
৭। মেয়র, সুনামগঞ্জ পৌরসভা, সুনামগঞ্জ।
৮। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সুনামগঞ্জ সদর, সুনামগঞ্জ।
৯। উপজেলা ............................ কর্মকর্তা(সকল), সুনামগঞ্জ সদর, সুনামগঞ্জ।
১০। চেয়ারম্যান, ........................ ইউনিয়ন পরিষদ(সকল), সুনামগঞ্জ সদর, সুনামগঞ্জ।
১১। জনাব ........................ ইউ/পি সংরক্ষিত মহিলা সদস্য ও সদস্য উপজেলা পরিষদ, সুনামগঞ্জ সদর, সুনামগঞ্জ।
১২। অফিস কপি/মাস্টার ফাইল।

30.05.22

(ইমরান শাহারীয়ার)
উপজেলা নির্বাহী অফিসার
সুনামগঞ্জ সদর, সুনামগঞ্জ।

উপজেলা পরিষদের মাসিক সভায় জনপ্রতিনিধিবৃন্দের উপস্থিতি

মাসের নাম: মে/২০২২

সভার তারিখ: ১১/০৫/২২ সময়: ১১.০০ মিঃ

| ক্রঃনং | নাম | পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|
| ০১. | জনাব মো: খায়রুল হুদা | চেয়ারম্যান<br>উপজেলা পরিষদ<br>সুনামগঞ্জ সদর | |
| ০২. | " নাদের বখত | মেয়র<br>সুনামগঞ্জ পৌরসভা | |
| ০৩. | " নিগার সুলতানা | মহিলা ভাইস চেয়ারম্যান<br>উপজেলা পরিষদ<br>সুনামগঞ্জ সদর | সুলতানা<br>১১-০৫-২২ |
| ০৪. | " মো: আবুল হোসেন | ভাইস চেয়ারম্যান<br>উপজেলা পরিষদ<br>সুনামগঞ্জ সদর | (স্বাক্ষরিত) |
| ০৫. | " মো: আব্দুল ওয়াদুদ | চেয়ারম্যান<br>লক্ষণশ্রী, ইউ/পি | (স্বাক্ষরিত) |
| ০৬. | " মো: আবুল বরকত | চেয়ারম্যান<br>কুরবাননগর, ইউ/পি | (স্বাক্ষরিত)<br>১১-০৫-২২ |
| ০৭. | " মো: নুরুল হক | চেয়ারম্যান<br>মোল্লাপাড়া, ইউ/পি | (স্বাক্ষরিত) |
| ০৮. | " মো: মাসুকুল ইসলাম | চেয়ারম্যান<br>জাহাং, ইউ/পি | (স্বাক্ষরিত) |
| ০৯. | " মো: আব্দুল হাই | চেয়ারম্যান<br>গৌরারং, ইউ/পি | (স্বাক্ষরিত) |
| ১০. | " মো: আমির হোসেন রেজা | চেয়ারম্যান<br>সুরমা, ইউ/পি | (স্বাক্ষরিত) |

| ক্র:নং | নাম | পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|
| ৩১. | [illegible] | (সহ:শিক্ষক) [illegible], উ/বি | [illegible] |
| ৩২. | মো: মহিদুল-ইসলাম | (সহ:শিক্ষক) [illegible], উ/বি | [illegible] |
| ৩৩. | মো: [illegible] | (সহ:শিক্ষক) [illegible], উ/বি | [illegible] |

উপজেলা পরিষদের মাসিক সভায় কর্মকর্তাবৃন্দের উপস্থিতি

মাসের নাম: মে/২০২২

সভার তারিখ: ১১/০৫/২২ সময়:

| ক্র:নং | নাম | পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|
| ০১. | জনাব ইমরান আহমেদ | উপজেলা নির্বাহী অফিসার, সুনামগঞ্জ সদর | |
| ০২. | জনাব ডা: (মো:) সাইফুল আলম | উপজেলা স্বাস্থ্য ও প:প: কর্মকর্তা, সুনামগঞ্জ সদর | |
| ০৩. | জনাব মো: মাসুম উদ্দিন বিল্লু | উপজেলা কৃষি অফিসার, সুনামগঞ্জ সদর | |
| ০৪. | জনাব ডা: মোহাম্মদ আব্দুল আউয়াল ভূঁইয়া | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, সুনামগঞ্জ সদর | |
| ০৫. | জনাব সাইফুল ইসলাম | উপজেলা মৎস্য অফিসার, সুনামগঞ্জ সদর | |
| ০৬. | জনাব আবু নোমান | উপজেলা প্রকৌশলী, সুনামগঞ্জ সদর | 19.5.22 |
| ০৭. | জনাব ইফতেখার উদ্দিন (চৌধুরী) | অফিসার ইন-চার্জ, সুনামগঞ্জ সদর | |
| ০৮. | জনাব আ. মোঃ কবির সুলতান | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, সুনামগঞ্জ সদর | |
| ০৯. | জনাব বেলাল হোসেন | উপজেলা শিক্ষা অফিসার, সুনামগঞ্জ সদর | |
| ১০. | জনাব দেব গোপাল দাস | উপজেলা সমাজ সেবা অফিসার, সুনামগঞ্জ সদর | |
| ১১. | জনাব বিশ্বজিৎ কুমার চৌধুরী | উপজেলা প্র: বা: কর্মকর্তা, সুনামগঞ্জ সদর | |
| ১২. | জনাব মো: মাহফুজ আলম | উপজেলা সমবায় কর্মকর্তা, সুনামগঞ্জ সদর | |
| ১৩. | জনাব মো: সাইফুল ইসলাম ভূঁইয়া | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, সুনামগঞ্জ সদর | ১১/৫/২২ |
| ১৪. | জনাব বিপিন চন্দ্র সরকার | উপজেলা সমবায় কর্মকর্তা, সুনামগঞ্জ সদর | |
| ১৫. | জনাব আবেদ মিয়া | উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশল কর্মকর্তা, সুনামগঞ্জ সদর | |

| ক্রম: | নাম | পদবী | স্বাক্ষর |
| --- | --- | --- | --- |
| ১৬. | জনাব [illegible] | [illegible] অফিসার সুনামগঞ্জ সদর | [signature] |
| ১৭. | " [illegible] | [illegible] কর্মকর্তা সুনামগঞ্জ সদর | |
| ১৮. | " [illegible] | উপজেলা [illegible] অফিসার সুনামগঞ্জ সদর | |
| ১৯. | " [illegible] | উপজেলা নির্বাচন অফিসার সুনামগঞ্জ সদর | [signature] |
| ২০. | " [illegible] | উপজেলা [illegible] কর্মকর্তা সুনামগঞ্জ সদর | |
| ২১. | " [illegible] | উপজেলা [illegible] কর্মকর্তা সুনামগঞ্জ সদর | [signature] |
| ২২. | " [illegible] মামুন | [illegible] সুনামগঞ্জ সদর | [signature] |
| ২৩. | " মো: [illegible] | [illegible] সুনামগঞ্জ সদর | |
| ২৪. | " [illegible] | [illegible] সুনামগঞ্জ সদর | [signature] |
| ২৫. | " [illegible] | [illegible] সুনামগঞ্জ সদর | [signature] ১৭.০৫.[illegible] |
| ২৬ | " | | |